দামুড়হুদায় সরকারি পাইলট হাইস্কুলে নবীন বরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় সরকারি পাইলট হাইস্কুলে বিদায়, নবীন বরণ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল চত্বরে ছাত্রদের বিদায় নবীন বরণ ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা। এসময় তিনি বলেন প্রধানমন্ত্রী ঘোষণা কৃত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার কোন বিকল্প নেই। আগামীতে তোমরাই নেতৃত্ব দেবে। আমি দেখেছি দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ছাত্ররা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় অনেক উন্নতি করেছে। তিনি স্কুলের ছাত্রদের উদ্দেশ্যে বলেন কিশোর গাং মাদক এবং অন্যান্য খারাপ কোন সঙ্গে যেন তারা না পড়ে সে ব্যাপারে শিক্ষক এবং অভিভাবকদের সবাইকেই তিনি সচেতন করেন।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলামের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সহকারী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আয়েশা খাতুন, সিনিয়র শিক্ষক ফারুক হোসেন, তুহিন উদ্দিন, আমিনুর রহমান, আসাদুজ্জামান, সোলায়মান কাদের, ক্রীড়া শিক্ষক আশরাফুল হক প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। অনুষ্ঠানের শুরুতেই কুরআন থেকে তেলাওয়াত করেন সহকারী শিক্ষক নাজমুস সাদাত।

ছাত্রদের মধ্যে থেকে বক্তব্য রাখেন ৯ম শ্রেণীর ছাত্র জুবায়ের হাসান। মানপত্র পাঠ করেন দশম শ্রেণীর ছাত্র নাফিজ আব্দুল্লাহ। বিদায়ী ছাত্রদের মধ্যে বক্তব্য রাখেন মাহফুজুর রহমান।